বান্দরবান সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

মেঘলা, বান্দরবান

এবং

প্রতিবন্ধী কল্যাণ সংস্থা (প্রকস),

এর মধ্যকার স্বাক্ষরিত সমঝোতা স্মারক।

৩১ জানুয়ারী ২০১৭খ্রিঃ

বান্দরবান সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

এবং

প্রতিবন্ধী কল্যাণ সংস্থা (প্রকস),

এর মধ্যকার সমঝোতা স্মারক

এই সমঝোতা স্মারকটি ৩১ জানুয়ারি, ২০১৭ তারিখে স্বাক্ষরিত হয় যার

প্রথম পক্ষঃ জনাব মোহাম্মদ আবদুল মজিদ, অধ্যক্ষ, বান্দরবান সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মেঘলা, বান্দরবান

এবং

দ্বিতীয় পক্ষঃ জনাব জর্জ ত্রিপুরা, নির্বাহী পরিচালক, প্রতিবন্ধী কল্যাণ সংস্থা (প্রকস), উজানীপাড়া, বান্দরবান পার্বত্য জেলা।

১। ভূমিকাঃ

দক্ষতা উন্নয়ন কর্মসূচীতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহণ বাড়িয়ে তাদের সুযোগ আরো বৃদ্ধি করার লক্ষ্যে দেশের সকল সরকারী ও বেসরকারী পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজে প্রতিবন্ধী শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে সরকার কর্তৃক ৫% কোটা বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের আশেপাশে যে সকল প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন বা প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে কর্মরত সংস্থা রয়েছে তাদের সাথে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অংশীদারিত্ব বৃদ্ধির লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর ফলে পারস্পরিক সম্পর্ক বৃদ্ধির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান এলাকাতে বসবাসরত প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে কারিগরি দক্ষতা অর্জনে উৎসাহ বৃদ্ধি পাবে এবং পিছিয়ে পড়া প্রতিবন্ধী জনগোষ্ঠী দক্ষতা উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভূক্ত হবে।

২। উদ্দেশ্যঃ

২.১। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন সমূহের মধ্যে পারস্পরিক সম্পর্ক বৃদ্ধি;

২.২। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান অবস্থানরত এলাকাতে প্রতিবন্ধী ব্যক্তি, পরিবার ও সমাজের মধ্যে দক্ষতা উন্নয়ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি;

২.৩। শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধী ব্যক্তিদের উপযোগী প্রশিক্ষণ প্রদান;

২.৪। প্রশিক্ষণের ফলে প্রতিবন্ধী ব্যক্তিরা দক্ষ হবে যা সরকার কর্তৃক ৫% কোটা বাস্তবায়ন ত্বরান্বিত হবে;

২.৫। প্রশিক্ষণ প্রাপ্ত প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থান সৃষ্টি হবে;

৩। বান্দরবান টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর ভূমিকাঃ

৩.১। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের কমিটিতে প্রতিবন্ধী ব্যক্তি বা প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে কর্মরত সংস্থার প্রতিনিধির অংশগ্রহণ নিশ্চিত করা;

৩.২। ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তিতে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকারের বিষয়টি উল্লেখ করা;

৩.৩। প্রশিক্ষণ কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করলে তা প্রতিবন্ধী ব্যক্তির সংগঠনগুলো কে জানানো;

৩.৪। প্রতিবন্ধী ব্যক্তিদের উপযোগী প্রশিক্ষণ কোর্সে ভর্তির সুযোগ দেওয়া;

৩.৫। উপযোগী কর্ম পরিবেশ (র‍্যাম্প, প্রবেশগম্য টয়লেট, ক্লাশরুম, ব্রেইল, ইশারা ভাষা ইত্যাদি) ব্যবস্থা করা;

৩.৬। প্রশিক্ষকদের প্রতিবন্ধিতা বিষয়ে দক্ষতা উন্নয়ন সেশনের ব্যবস্থা করা;

৩.৭। প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের ভর্তিতে উৎসাহিত করতে বিশেষ বৃত্তি, সহায়ক উপকরণ ইত্যাদির ব্যবস্থা করা;

৩.৮। প্রতিবন্ধী ছাত্রীদের অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ দেয়া;

৩.৯। প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ করা;

৩.১০। প্রশিক্ষণের পর প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;

৩.১১। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণ বৃদ্ধিতে অবকাঠামোসহ উপযোগী পরিবেশ তৈরিতে প্রয়োজনীয় বাজেট চাহিদা পেশ করা;

৩.১২। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা;

৪। প্রতিবন্ধী কল্যাণ সংস্থা (প্রকস), বান্দরবান এর ভূমিকাঃ

৪.১। কারিগরি শিক্ষার গুরুত্বের বিষয়ে প্রতিবন্ধী ব্যক্তি, পরিবার ও সমাজে জনসচেতনতা সৃষ্টি করা;

৪.২। প্রতিবন্ধী ব্যক্তিদেরকে প্রশিক্ষণ কোর্স বিষয়ে জানানো;

৪.৩। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী প্রতিবন্ধী ব্যক্তিদের তালিকা তৈরি করে বান্দরবান টেকনিক্যাল স্কুল এন্ড কলেজকে দেয়া;

৪.৪। প্রতিবন্ধী শিক্ষার্থী চিহ্নিত করতে ও শিক্ষাব্যবস্থা তাদের উপযোগী করতে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা;

৪.৫। কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তির বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করা;

৪.৬। বান্দরবান টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা এবং প্রাপ্ত প্রয়োজনীয় তথ্য নির্ধারিত সময়ে প্রতিবন্ধী ব্যক্তিদেরকে জানানো;

৪.৭। কর্মএলাকায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ করা;

৪.৮। প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে বিভিন্ন চাকুরিদাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা;

৫। মেয়াদঃ সমঝোতা স্মারকটি স্বাক্ষরিত তারিখ ৩১ জানুয়ারী, ২০১৭ হতে শুরু করে ৫ বছর মেয়াদী হবে।

৬। সাধারণ শর্তাবলীঃ

৬.১। চুক্তিবদ্ধ উভয় পক্ষের সম্মতিতে এই সমঝোতা স্মারকটির যেকোনো ধরনের সংযোজন, সংশোধন, পরিবর্তন করা যাবে যা লিখিতভাবে লিপিবদ্ধ করা হবে।

৬.২। উভয় পক্ষের পারস্পরিক সমঝোতার ভিত্তিতে যেকোনো বিষয়ে কোনো পক্ষের অসম্মতি অথবা বিরোধিতা নিষ্পত্তি করা হবে।

৬.৩। চুক্তিবদ্ধ পক্ষদ্বয় প্রতিবন্ধী ব্যক্তিদের আর্থসামাজিক উন্নয়নে নিজ নিজ ভূমিকা পালন করবে।

৬.৪। চুক্তিবদ্ধ পক্ষদ্বয় স্বাধীনভাবে তাদের নির্ধারিত কাজ সম্পাদন করবে এবং নিজ নিজ কাজের জন্য দায়বদ্ধ থাকবে।

৬.৫। উদ্ভূত সমস্যা সমাধানে উভয় পক্ষ মিলিতভাবে কাজ করবে। তবে এক প্রতিষ্ঠানের দায়বদ্ধতা অন্য প্রতিষ্ঠানের উপর বর্তাবে না।

৬.৬। সমঝোতা স্মারক এর মেয়াদান্তে উভয় পক্ষের মতামতের ভিত্তিতে পুনরায় মেয়াদ বর্ধিত করা যেতে পারে।

এই সমঝোতা স্মারক এ বর্ণিত সকল শর্তাবলি মেনে আমরা উভয় সংস্থার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ স্বাক্ষর করলাম।

প্রথম পক্ষ	দ্বিতীয় পক্ষ
31.1.017	31.1.017
মোহাম্মদ আবদুল মজিদ অধ্যক্ষ বান্দরবান সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মেঘলা, বান্দরবান।	জর্জ ত্রিপুরা নির্বাহী পরিচালক প্রতিবন্ধী কল্যাণ সংস্থা (প্রকস), উজানীপাড়া, বান্দরবান পার্বত্য জেলা।

স্বাক্ষী ১ : [illegible] ৩১/১/১৭	স্বাক্ষী ১ : [illegible]
স্বাক্ষী ২ : [illegible] ৩১/১/১৭	স্বাক্ষী ২ : [illegible]
স্বাক্ষী ৩ : [illegible] ৩১/১/১৭	স্বাক্ষী ৩ : [illegible]